

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা রেজিস্ট্রারের কার্যালয়  
মানিকগঞ্জ।  
[www.dr.manikganj.gov.bd](http://www.dr.manikganj.gov.bd)

স্মারক নং-৭৫০(৭)

তারিখ- ০৭ পৌষ ১৪৩১  
২২ ডিসেম্বর ২০২৪

বিষয়ঃ রিটার্ন দাখিলের প্রমাণ বা Proof of Submission of Return (PSR) দাখিলের বিষয়টি বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্রঃ নিবন্ধন অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর স্মারক নং -১০.০৫.০০০০.০০৫.৯৯.০০১.২৪-৪০৫(৬১) তারিখ-০৩/১২/২০২৪ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের স্মারকের প্রাপ্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আয়কর আইন ২০২৩ (২০২৩ খ্রি. সনের ১২ ন.আইন) এর ধারা-২৬৪ এর উপ-ধারা-৩ এর দফা-৪০ মোতাবেক স্ট্যাম্প, কোর্ট ফি ও কাটিজ পেপারের ভেতর বা দলিল লেখক হিসাবে নিবন্ধন, লাইসেন্স বা তালিকাভুক্তি করতে এবং বহাল রাখতে; এবং আয়কর আইন, ২০২৩ (২০২৩ খ্রি. সনের ১২ ন.আইন) এর ধারা -২৬৪ এর উপ-ধারা-৩ এর দফা -১০ অনুযায়ী Muslim Marriages and Divorces (Registration) Act,1974 (Act No.LII of 1974) এর অধীন নিকাহ রেজিস্ট্রার, হিন্দু বিবাহ নিবন্ধক আইন, ২০১২(২০১২ সনের ৪০ ন. আইন ) এর অধীন হিন্দু নিবন্ধক ও Special Marriage Act, 1872(Act No.LII of 1872) এর অধীন রেজিস্ট্রার হিসেবে লাইসেন্স প্রাপ্তি বা, ক্ষেত্রমতে,নিয়োগপ্রাপ্তির ক্ষেত্রে বহাল রাখতে PSR দাখিলের বিধান রয়েছে।

০২। উপরি-উক্ত আইনের বিধান অনুযায়ী, দলিল লেখক (সনদ) বিধিমালা,২০১৪ অনুসারে দলিল লেখক হিসেবে সনদ প্রাপ্তি ও বহাল (নবায়ন) রাখতে তাঁর জেলাধীন সনদ প্রাপ্ত দলিল লেখকগণের সনদ নবায়নের ক্ষেত্রে; এবং

মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি-৬ মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের লাইসেন্স মঞ্জুরি প্রদান ও বিধি-৭ মোতাবেক নির্ধারিত হারে বাৎসরিক (নবায়ন) ফি জমা প্রদানপূর্বক লাইসেন্স বহাল রাখার ক্ষেত্রে Proof of Submission of Return (PSR) দাখিলের বিষয়টি বাস্তবায়ন নিশ্চিত করার জন্য তাঁকে বলা হলো।

সংযুক্তঃ ০১ (এক) ফর্দ।

  
২২/১২/২০২৪  
(মোঃ জাহিদ হোসেন)  
জেলা রেজিস্ট্রার  
মানিকগঞ্জ।  
ফোন-০২৯৯৬৬১০৬০৭  
[dromanikganj@gmail.com](mailto:dromanikganj@gmail.com)

সাব-রেজিস্ট্রার, ..... (সকল) মানিকগঞ্জ।  
তাঁর উপজেলাধীন দলিল লেখক, নিকাহ রেজিস্ট্রার/হিন্দু বিবাহ  
নিবন্ধকগণকে বিষয়টি প্রতিপালনের নির্দেশ প্রদানের জন্য বলা হলো।